

এফ.ডি.সার্কুলার লেটার নং-২৬৫

তারিখঃ- ১০ এপ্রিল '২০১৮ খ্রিষ্টাব্দ
২৭ চৈত্র' ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ জাতীয় দরপত্রের আওতায় নন-বাসমতি সিদ্ধ চাল সরবরাহের সময়সীমা বর্ধিতকরণ প্রসংগে।

জনাব,


শিরোনামীয় বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা এর স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৭.০০৪.১৮.৬০৬ তারিখঃ ০২/০৪/১৮ খ্রিঃ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।


- সূত্র : ১। চুক্তি নম্বর-৬২/১৭-১৮ হতে ১১৫/১৭-১৮ (প্যাকেজ-৩) পর্যন্ত, তাং ২২/০২/১৮ইং।
২। সংগ্রহ বিভাগের ২৯.০৩.২০১৮ তারিখের ৫৯২নং পত্র।
৩। রশিদ অটোমেটিক রাইস মিলস লিঃ এর ০২/০৪/২০১৮ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রশিদ অটোমেটিক রাইস মিলস লিঃ জাতীয় দরপত্র প্যাকেজ-৩ এর আওতায় ৫৪টি কেন্দ্রে মোট ১,০০,০০০ (এক লক্ষ) মেঃ টন নন-বাসমতি সিদ্ধ চাল সরবরাহের লক্ষ্যে ২২/০২/২০১৮ তারিখে খাদ্য অধিদপ্তরের সাথে চুক্তি সম্পাদন করে। স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী চাল সরবরাহের নির্ধারিত মেয়াদ অর্থাৎ ২৩/০৩/২০১৮ইং তারিখের মধ্যে চাল সরবরাহ করতে না পারায় রশিদ অটোমেটিক রাইস মিলস লিঃ এর আবেদনের প্রেক্ষিতে প্রথম দফায় ৫৪টি লটে চুক্তিকৃত ১,০০,০০০ (এক লক্ষ) মেঃ টন চাল সরবরাহের সময়সীমা খাদ্য দপ্তরের সূত্রস্থ ২নং স্মারকে ২৯/০৩/২০১৮ তারিখ পর্যন্ত লিকুইডিটি ড্যামেজ কর্তন ব্যতিরেকে বর্ধিত করা হয়। পরবর্তীতে চাল সরবরাহের সময়সীমা ১(এক) মাস পর্যন্ত বৃদ্ধি করার জন্য সূত্রস্থ ৩নং স্মারকে রশিদ অটোমেটিক রাইস মিলস লিঃ আবেদন করে।

রশিদ অটোমেটিক রাইস মিলস লিঃ এর আবেদন ও সার্বিক অবস্থা বিবেচনায় প্যাকেজ-৩ এর আওতায় উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ৫৪টি লটে চুক্তিকৃত ১,০০,০০০ (এক লক্ষ) মেঃ টন চাল সরবরাহের মেয়াদ এলডি (লিকুইডিটি ড্যামেজ) কর্তন ব্যতিরেকে ২৫.০৪.২০১৮ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

এমতাবস্থায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা এর স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৭.০০৪.১৮.৬০৬ তারিখঃ ০২/০৪/১৮ খ্রিঃ এর জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য অত্র ব্যাংকের সকল এডি শাখাসহ সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।


(মাসফিউল বারী)
উপ মহাব্যবস্থাপক


(মোঃ আব্দুল জব্বার)
মহাব্যবস্থাপক

ক্রমিক নং ২০২১/১৫০
০৮/০৪/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
website: dgfood.gov.bd

২৪৩৭
এজিএম, এফটিডি (ইম্পোর্ট) সমীপেঃ

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০৪.১৮.৬০৬

তারিখ : ০২/০৪/১৮ খ্রি:।

প্রাপক : ম্যানেজিং ডাইরেক্টর,
রশিদ অটোমেটিক রাইস মিলস্ লিঃ,
বিএসইসি ভবন (১ম তলা)
১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার, ঢাকা।

বিষয় : জাতীয় দরপত্রের আওতায় নন-বাসমতি সিদ্ধ চাল সরবরাহের সময়সীমা বর্ধিতকরণ
সূত্র : ১। চুক্তি নম্বর-৬২/১৭-১৮ হতে ১১৫/১৭-১৮ (প্যাকেজ-৩) পর্যন্ত, তাং ২২/০২/১৮ ইং
২। সংগ্রহ বিভাগের ২৯.০৩.২০১৮ তারিখের ৫৯২নং পত্র।
৩। রশিদ অটোমেটিক রাইস মিলস্ লিঃ এর ০২.০৪.২০১৮ তারিখের আবেদন।

সিইও এন্ড এমডি'স সেক্রেটারিয়েট
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
তারিখ: ০২/০৪/১৮
ডিএমডি/জিএম/কমলাদেপ্তর
জিএমডি/জিএম/কমলাদেপ্তর
* প্রয়োজনীয় পদক্ষেপ দিন
* কৃপাশূন্য করুন

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান রশিদ অটোমেটিক রাইস মিলস্ লিঃ জাতীয় দরপত্র প্যাকেজ-৩ এর আওতায় ৫৪টি কেন্দ্রে মোট ১,০০,০০০ (এক লাখ) মেঃটন নন-বাসমতি সিদ্ধ চাল সরবরাহের লক্ষ্যে ২২/০২/২০১৮ তারিখে খাদ্য অধিদপ্তরের সাথে চুক্তি সম্পাদন করে। স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী চাল সরবরাহের মেয়াদ ২৩/০৩/২০১৮ ইং তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। নির্ধারিত সময়ের মধ্যে চাল সরবরাহ করতে না পারায় আপনাদের আবেদনের প্রেক্ষিতে প্রথম দফায় ৫৪টি লটে চুক্তিকৃত ১,০০,০০০ (এক লাখ) মেঃটন চাল সরবরাহের সময়সীমা অত্র দপ্তরের সূত্রস্থ ২নং স্মারকে ২৯/০৩/২০১৮ তারিখ পর্যন্ত লিকুইডিটি ড্যামেজ কর্তন ব্যতিরেকে বর্ধিত করা হয়। পরবর্তীতে চাল সরবরাহের সময়সীমা ১ (এক) মাস পর্যন্ত বৃদ্ধি করার জন্য সূত্রস্থ ৩নং স্মারকে আপনি আবেদন করেন।

এমতাবস্থায়, আপনাদের আবেদন ও সার্বিক অবস্থা বিবেচনায় প্যাকেজ-৩ এর আওতায় আপনার প্রতিষ্ঠান কর্তৃক ৫৪টি লটে চুক্তিকৃত ১,০০,০০০ (এক লাখ) মেঃটন চাল সরবরাহের মেয়াদ এলডি (লিকুইডিটি ড্যামেজ) কর্তন ব্যতিরেকে ২৫.০৪.২০১৮ ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।

উল্লেখ্য, চাল সরবরাহের এ বর্ধিত সময়কাল চুক্তিসমূহের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩৩'-
(মোঃ আবদুল আজিজ মোল্লা)
পরিচালক, সংগ্রহ বিভাগ

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০৪.১৮.৬০৬/১(৯৮)

তারিখ : ০২/০৪/১৮ খ্রি:।

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, (খাদ্য), খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/খুলনা/সিলেট।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৬। ব্যবস্থাপক
- ৭। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা ভারপ্রাপ্ত কর্মকর্তা
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ৯। মাস্টার/অফিস কপি।

জনতা ব্যাংক লিমিটেড
জি. এম. সচিবালয় প্রঃ কার্য্যালয়
০৪ APR 2018
সিইও

(মোঃ আবদুল আজিজ মোল্লা)
পরিচালক, সংগ্রহ বিভাগ

০২/০৪/১৮